গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মার্চ/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ	:	১৯ মার্চ, ২০১৯ খ্রিঃ (মঙ্গলবার)।
সময়	:	১০.০০ টা।
উপস্থিতি	:	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি	:	পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি অগ্নীঝরা মার্চ মাসে অনুষ্ঠিত সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। অতঃপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, নওগাঁ জেলায় গত ১৭ মার্চ, ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথভাবে উদযাপন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। গত ১৮/৩/২০১৯ তারিখে ৫ম উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানান। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ, জেলা তথ্য অফিসার, প্রেস ক্লাবেব সভাপতি ও সাধারণ সম্পাদন সভায় প্রথমবার আগমন করায় সভায় পরিচয় প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ১৭/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	–

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ ১৮/০৩/১৯ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় দুই জন রিটার্নিং অফিসার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং জেলা নির্বাচন অফিসারকে ধন্যবাদ জানান। তিনি জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান।	সরকারি উন্নয়নমূলক কাজে বিভিন্ন বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে হবে।	পুলিশ সুপার, নওগাঁ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫৯০ লক্ষ টাকার ৩০৬টি প্রকল্প। টেন্ডার প্রকল্পের সংখ্যা ১৪১টি ও পিআইসি প্রকল্পের সংখ্যা ১৬৫টি। ১৪১টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৬৪টির কাজ সমাপ্ত হয়েছে। ১৯টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৫০%। আগামী জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়া ৫৭টি প্রকল্পের টেন্ডার দাখিল পাওয়া গেছে এবং শীঘ্রই ঠিকাদার নির্বাচন করে কার্যাদেশ প্রদান করা হবে। ১টি প্রকল্প টেন্ডার/কোটেশন প্রক্রিয়াধীন আছে। ১৬৫টি পিআইসি প্রকল্পের মধ্যে ২২টির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১৪৩টি কাজ চলমান রয়েছে। আগামী জুন/১৯ মাসের মধ্যে কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে। নিজস্ব তহবিলের ১কোটি ৯ লক্ষ টাকার ১২টি প্রকল্পের মধ্যে ৬টি টেন্ডার ও ৬টি সিপিপিসি প্রকল্প। ২টি টেন্ডার প্রকল্প ও ১টি সিপিপিসি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। ৪টি টেন্ডার ও ৫টি সিপিপিসি	জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং নিজস্ব তহবিলের মাধ্যমে বাস্তবায়নাধীন প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পগুলোর বাস্তবায়নের গড় অগ্রগতি ৪৫%। আগামী জুন/২০১৯ মাসের মধ্যে অবশিষ্ট প্রকল্পের কাজ সমাপ্ত করার পরিকল্পনা রয়েছে।	মধ্যে বাস্তবায়ন করতে হবে।	

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ এর প্রতিনিধি জানান, গণপূর্ত বিভাগের অধীনে মোট ৩৫টি নির্মাণাধীন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলমান আছে। নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটের কাজ চলমান আছে। লিফটের কাজ শেষ হতে আরও ২০/২৫ দিন সময় প্রয়োজন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর জানান, হাসপাতালের কাজ শেষ করে ঠিকাদার যাওয়ার আগে হাসপাতাল সরেজমিনে তদন্ত করে হস্তান্তর/গ্রহণ করতে হবে। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নওগাঁ জানান, গত ১ বছর পূর্বে বিল্ডিং হস্তান্তর করার কথা। পুরাতন ভবনের দোতলা মেডিকেল কলেজকে ছেড়ে দেয়া হয়েছে। হাসপাতালে রোগীদের প্রতিদিন দুর্ভোগ পোহাতে হচ্ছে। হাসপাতাল অত্যন্ত সম্পকাতর জায়গা। করে নাগাদ লিফটের কাজ সম্পন্ন করে নতুন ৮ম তলা ভবন ছেড়ে দেয়া হবে তার তারিখ জানা প্রয়োজন।	নওগাঁ ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের লিফটের কাজ দ্রুতগতিতে সম্পন্ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ।

৬। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সিভিল সার্জন, নওগাঁ জানান, সদর হাসপাতাল ব্যতীত জেলায় মোট মন্জুরীকৃত চিকিৎসকের পদ ২৭৯টি। বর্তমানে কর্মরত আছে ৭১জন। শূন্য আছে ২০৮টি। ব্যাপক সংখ্যক চিকিৎসক পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা প্রদানে সমস্যা হচ্ছে। জেলায় ৩য় ও ৪র্থ শ্রেণীর ব্যাপক পদ শূন্য আছে। ২০১২ সালে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১১৯টি পদে জনবল নিয়োগের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। উচ্চ আদালতে মামলা থাকায় নিয়োগ এখন সম্পন্ন হয়নি ফলে চিকিৎসা সেবা প্রদানসহ অফিস কার্যাদি পরিচালনায় ব্যাপক অসুবিধা হচ্ছে।	চিকিৎসক পদায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দৃষ্টি আকর্ষণ করাসহ ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সিভিল সার্জন, নওগাঁ।

৭। ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ জানান, তত্ত্বাবধায়ক, সহকারী পরিচালকের বাস ভবন ও নার্সেস ডরমেটরী নির্মাণ প্রয়োজন। হাসপাতালের ৮তলা বিশিষ্ট নতুন ভবন সচল পাওয়া যাবে মর্মে জেনে পুরাতন ভবনের ২য় তলার ওয়ার্ড, কেবিন নওগাঁ মেডিকেল কলেজকে ছেড়ে দেয়া হয়েছে। নতুন ভবনের লিফট সচল না হওয়ার কারণে রোগীদের জায়গা সংকুলানের প্রকট সমস্যা দেখা দিয়েছে। ওয়ার্ডের বারান্দা ঘিরে রোগীদের কোন রকমে থাকার ব্যবস্থা করা হয়েছে। তিনি আরও জানান, গত ২৩/০২/২০১৯ তারিখে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় ২০/৩/২০১৯ তারিখের মধ্যে লিফট চালুসহ সকল অসমাপ্ত কাজ সমাপ্ত করে হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	তত্ত্বাবধায়কসহ সহকারী পরিচালকের বাস ভবন ও নার্সেস ডরমেটরী নির্মাণের জন্য গণপূর্ত বিভাগ, নওগাঁ বরাবর পত্র প্রেরণ করতে হবে।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।

৮। নওগাঁ মেডিকেল কলেজঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ সভায় উপস্থিত নেই। মেডিকেল কলেজ সম্বন্ধে আলোচনাকালে জানা যায়, মেডিকেল কলেজের ৫০ জন ছাত্র/ছাত্রী নিয়ে পুরাতন হাসপাতাল ভবনের ২য় তলায় স্থানীয় ব্যবস্থাপনায় জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় ক্লাস সুষ্ঠুভাবে চলছে। নওগাঁ মেডিকেল কলেজ স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলায় চকবিরাম, নলগাড়া, বরুনকান্দি ও চকপাথুরিয়া মৌজায় নির্বাচিত ৫০ একর জমি অধিগ্রহণের জন্য ১৩৫ কোটি ৪৩ লক্ষ ৪৫ হাজার ৬৪১ টাকার প্রাক্কলন প্রস্তুত করে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর জেলা ভূমি দখল অফিসার, নওগাঁ এর ৩১/১২/১৮ তারিখের ৬২৭ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।	নওগাঁ মেডিকেল কলেজের জন্য জায়গা অধিগ্রহণ কার্যক্রম তরান্বিত করতে হবে।	অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।

৯। পরিবার পরিকল্পনা বিভাগঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, নওগাঁ জানান, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী ওয়াল ও মেরামত কাজ ধীরগতিতে চলছে। কোন কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জমি বেদখল হয়ে যাচ্ছে। মধুইল ও খিরশিন ইউনিয়নে চালুকৃত মা ও শিশু কল্যাণ কেন্দ্র চালু হয়েছে। জনবল শূন্য থাকায় কেন্দ্র দুটিতে সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে।	কোন কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কাজের ধীরগতি ও কোনটির জমি বেদখলে আছে তার তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।	উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, নওগাঁ।

১০। সড়ক ও জনপথ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ জানান, পাহাড়পুর সড়কের উন্নয়ন কল্পে গাছ কর্তন কাজের অগ্রগতি ভাল। সান্তাহার-নওহাটা পর্যন্ত রাস্তার ধারে অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম অব্যাহত আছে। রাস্তার কার্পেটিং এর কাজ দ্রুতগতিতে চলছে। তিনি জানান, মান্দা-নিয়ামতপুর রাস্তার মোড়ে দৃষ্টি নন্দন স্থাপনা নির্মাণ করা হবে। রাস্তার ধার দিয়ে ড্রেন নির্মাণ কাজ চলছে।	(১)সড়ক ও জনপথ বিভাগের আওতায় পাহাড়পুর রাস্তার উন্নয়ন কাজ শুরু করার লক্ষ্যে দ্রুত গাছ কর্তন সম্পন্ন করতে হবে। (২)সান্তাহার-নওহাটা পর্যন্ত রাস্তায় অবৈধ	(১)নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ। (২)নির্বাহী প্রকৌশলী,